

---

## ভাণী-জামাতা শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে লেখা পত্র

---

ঘাটশিলা

২৮-১০-৪৮

কল্যাণভাজনেষু,

শচীন, বিজয়ার সশ্রদ্ধ নমস্কার বেহান ঠাকুরানীকেদিবে ও শুভাশীর্বাদ তুমি, উমা ও অন্যান্য স্নেহভাজনগণ গ্রহণ করিবে।

উমাকে লইয়া এদিকে আসিতেছ কবে ? অনেকদিনতোমাদের দেখি নাই। উমার জন্য উহার মামিমারা বড়ই ব্যস্ত।

তোমার 'সমুদ্রতীরবাসীর পত্র' খুব ভালো লাগিল। এবার হইতে আরো লিখে যাও। বাহির করিয়া দিবার ভার আমিলইব। অভ্যুদয় কাগজে এবার গল্প দিলে না কেন ? উহারাবলিতেছিল। আমি এবার বিভিন্ন কাগজে গল্প দিয়াছি।

আমি ভালোই আছি। পত্র দিয়ো। আজ আমি কলিকাতায়ইতেছি—সেখান হইতে ২/৪ দিনের জন্য দেশে যাইব।

আঃ

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

[তখনকার 'শিক্ষক' পত্রিকায় শচীন্দ্রনাথের 'সমুদ্রতীরবাসীর পত্র' ধারাবাহিক প্রকাশিত হচ্ছিল। বিভূতিভূষণএটারই উল্লেখ করেছেন। 'অভ্যুদয়' কাগজে শচীন্দ্রনাথের লেখবার কথা ছিল, কিন্তু সময়ের অভাবে লেখা হয়ে ওঠে নি। বিভূতিভূষণ সেই সম্বন্ধেই মন্তব্য করেছেন।]